

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তা কার্যালয়
চৌহালী, সিরাজগঞ্জ।

পত্র নং ৩৩.০২.৮৮২৭.৫০১.২৭.০০১.১৮/১৪৯

তারিখঃ ০১/০৮/২০১৯ খ্রিঃ

কোটেশন বিজ্ঞপ্তি

এতদ্বারা সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলার রাজস্ব খাতের আওতায় বিভিন্ন জলাশয়ে পোনামাছ অবমুক্তির নিমিত্তে নিম্নবর্ণিত রুই জাতীয় জীবন্ত পোনামাছ সরবরাহের জন্য পোনামাছ উৎপাদনকারী/সরবরাহকারী, হ্যাচারী মালিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে কোটেশন আহবান করা যাচ্ছে। অদ্য ০১/০৮/২০১৯ খ্রিঃ হতে ০৭/০৮/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত শিডিউল বিতরণ করা হবে। আগামী ০৮/০৮/২০১৯ খ্রিঃ রোজ বৃহস্পতিবার নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত কোটেশন গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ১৪.০০ ঘটিকায় উপস্থিত কোটেশন দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) খোলা হবে।

ক্রমিক নং	বিবরণ	পোনার পরিমাণ	পোনার সাইজ
১	মিশ্রণে ৪০% রুই, ৩০% কাতলা, ৩০% মৃগেল	অনুমোদিত দর হার	১০-১৫সেঃ মিঃ

শর্তাবলীঃ

কোটেশন দাতাগণ সিডিউলে পোনামাছের কেজি প্রতি দর উল্লেখিত করবেন। ১০-১৫সেঃ মিঃ সাইজের নিচে পোনামাছ গ্রহণ করা হবে না।

- কোটেশন দাতাকে সরবরাহকৃত রুই জাতীয় পোনামাছের মিশ্রণে ৪০% রুই, ৩০% কাতলা, ৩০% মৃগেল জীবন্ত অবস্থায় সরবরাহ করতে হবে।
- যার কোটেশন অনুমোদিত হবে সেই কোটেশন দাতাকে কার্যাদেশে উল্লেখিত নির্ধারিত স্থানে ও তারিখে নিজ খরচে জীবন্ত পোনামাছ পরিবহণ করতে হবে এবং পোনামাছ অবমুক্তির ১ (এক) ঘন্টা পূর্বে হাপায় রাখতে হবে।
- জলাশয়ের জন্য নির্ধারিত সমস্ত পোনামাছের মজুদ নির্দিষ্ট তারিখের মধ্যে সম্পূর্ণ করতে হবে।
- (১) ২০১৯-২০২০ আর্থিক সালের ট্রেড লাইসেন্স (বাধ্যতামূলক), (২) ব্যাংক হিসাব (প্রতিষ্ঠানের নামে) এর প্রত্যয়ন (বাধ্যতামূলক), (৩) নবায়নকৃত ভ্যাট লাইসেন্স (বাধ্যতামূলক), (৪) নবায়নকৃত ইনকাম ট্যাক্স লাইসেন্স (বাধ্যতামূলক), (৫) বিগত পাঁচ (৫) বছরে কোন পোনা সরবরাহ করে থাকলে তার প্রত্যয়নপত্র (শিথিলযোগ্য)
- বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিলের টাকা পরিশোধ করা হবে এবং পোনামাছের পরিমাণ কম/বেশি হতে পারে।
- পোনামাছ সরবরাহের পর সরকারী নিয়ম অনুযায়ী বিল হতে ভ্যাট ও আয়কর কর্তন করতে হবে।
- কোটেশন দাতাকে ১০০% সুষ্ঠুভাবে পোনামাছ সরবরাহ পূর্বক বিল পরিশোধের জন্য ২ (দুই) প্রস্থ বিল অত্র দপ্তরে দাখিল করতে হবে।
- পোনা গ্রহণ কমিটির এবং প্রতিষ্ঠান/জলাশয়ের কমিটির পোনা প্রাপ্তির স্বীকারপত্র ব্যতীত বিল প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষের মঞ্জুরী আদেশ সাপেক্ষে বিল প্রদান করতে হবে।
- উল্লেখিত শর্ত পালনে কোটেশন দাতা ব্যর্থ হলে স্বয়ংক্রিয়ভাবে তার কোটেশন বাতিল বলে গণ্য হবে।
- কোটেশনে উল্লেখিত পোনামাছের মূল্য চলতি বাজার দরের সাথে সংগতি পূর্ণ হতে হবে।
- ঠিকাদারকে কোন অগ্রিম, আংশিক, চলতি বিল প্রদান করা হবে না।
- কোটেশন দাখিলে কোন প্রকার কাটা-কাটি, ঘষামাজা, ওভার রাইটিং, ফ্লুইড ব্যবহার করা যাবে না।
- কর্তৃপক্ষ যে কোন কোটেশন গ্রহণ ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ আতাউর রহমান)
উপজেলা মৎস্য কর্মকর্তা
চৌহালী, সিরাজগঞ্জ।

পত্র নং ৩৩.০২.৮৮২৭.৫০১.২৭.০০১.১৮-১৪৯/১(২৫)

তারিখঃ ০১/০৮/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- জনাব আলহাজ্ব মোঃ আব্দুল মমিন মন্ডল, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫-সিরাজগঞ্জ-৫।
- উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- জেলা মৎস্য কর্মকর্তা, সিরাজগঞ্জ।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌহালী, সিরাজগঞ্জ।
- উপজেলা নির্বাহী অফিসার, চৌহালী, সিরাজগঞ্জ।
- উপজেলা -----কর্মকর্তা, চৌহালী, সিরাজগঞ্জ। বহল প্রচারের জন্য আপনাকে অনুরোধ করা হলো।
- উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চৌহালী, সিরাজগঞ্জ।
- জনাব-----।
- নোটিশ বোর্ড/অফিস কপি।
- ১০.

উপজেলা মৎস্য কর্মকর্তা
চৌহালী, সিরাজগঞ্জ